



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd



নং- ঢাশিবো/বি/১১/ঢাকা/দঃ/ ৬০৫৬

তারিখ : ২২/১০/২০২০

বিষয় : ব্যাখ্যা প্রদান প্রসঙ্গে।

সূত্র : শিক্ষক-কর্মচারীদের ১০/১০/২০২০ তারিখের অভিযোগ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, বিদ্যালয়ের শিক্ষক-কর্মচারীগণ অভিযোগ করেছেন যে-

১। আপনি রাষ্ট্রবিরোধী ও স্বাধীনতা বিরোধী কাজে জড়িত ছিলেন। যুদ্ধপরাধীর তালিকায় এবং সরকার বনাম আব্দুল কাদের মোল্লা মামলায় (২২বিএলটি, এডি ২০১৪ ৩১১নং পৃষ্ঠায়) আপনার নাম রয়েছে।

২। আপনি বিভিন্ন জাতীয় অনুষ্ঠান যেমন- ২১ শে ফেব্রুয়ারী, ২৬ শে মার্চ, ১৬ ই ডিসেম্বর সহ বিদ্যালয়ের কোন অনুষ্ঠানে যোগদান করেন না। বিদ্যালয় ফান্ডে যথেষ্ট পরিমাণ অর্থ থাকা সত্ত্বেও এই করোনাকালীন সময়ে শিক্ষক কর্মচারীদের বেতন অর্ধেক করা এবং বর্তমানের শিক্ষকদের এই অর্ধেক বেতনও দিচ্ছেন না এবং জোর করে শিক্ষক ছাটাইয়ের প্রচেষ্টা চালাচ্ছেন;

৩। বিদ্যালয় প্রাঙ্গণে বসে বিভিন্ন সময়ে মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, মাননীয় প্রধান বিচারপতি ও মাননীয় এটনী জেনালেরসহ দেশ বরেণ্য ব্যক্তিবর্গের সম্বন্ধে বিভিন্ন অশোভনীয় কথাবার্থ বলেছেন;

৪। প্রতিমাসে শিক্ষকদের কাছ থেকে ১০,০০০/- (দশ হাজার) টাকা আদায় না হলে বেতন বিলে স্বাক্ষর না করা এবং বর্তমান প্রধান শিক্ষক দায়িত্ব গ্রহণ করার পর থেকে সে টাকা বন্ধ করে দেয়াতে আপনি বিভিন্নভাবে প্রধান শিক্ষকসহ অন্যান্য শিক্ষকদের সাথে অসৌজন্যমূলক আচরণ ও হয়রানি করছেন;

৫। ষাটোৰ্ধ মৃত আফজাল মিয়া (নেশপ্রহরী)-কে আপনি শিক্ষকদের সভায় সবার সামনে কান ধরে উঠবস করিয়েছেন এবং অফিস সহকরি জনাব আব্দুর রশিদ-কে জুতা তুলে মারতে চেয়েছেন।

৬। আপনার একক সিদ্ধান্তে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক দিয়ে ২০০৬ থেকে ২০১৪ পর্যন্ত স্কুল পরিচালনা করেছেন এবং ২০০২ সাল থেকে আপনি ষ্বেচ্ছাচারিতা করে বিদ্যালয় পরিচালনা করে আসছেন। এছাড়া শিক্ষকদের এমপিও'র এরিয়ার টাকা তাদের না দিয়ে বিদ্যালয় ফান্ডে জমা দিতে বাধ্য করেছেন।

এমতাবস্থায়, উল্লিখিত কারণে বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি পদ হতে কেন আপনাকে অপসারন/বাতিল করা হবে না- মর্মে পত্র ইস্যুর তারিখ হতে ০৭ (সাত) দিনের মধ্যে সুস্পষ্ট ব্যাখ্যা প্রদানের জন্য বলা হলো।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বাঃ

বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা।

প্রাপক : সভাপতি, ম্যানেজিং কমিটি
মুকুলিকা শিক্ষালয়
নিউমার্কেট, হাজারীবাগ, ঢাকা।

মেমো নং- ৬০৫৬(৭)

তারিখ ২২/১০/২০২০

সন্দয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, ঢাকা।
- ৪। জেলা শিক্ষা অফিসার, ঢাকা।
- ৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা, হাজারীবাগ থানা, ঢাকা।
- ৬। প্রধান শিক্ষক, মুকুলিকা শিক্ষালয়, নিউমার্কেট, হাজারীবাগ, ঢাকা।
- ৭। অফিস কপি।

২২/১০/২০২০

বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা।

২২/১০/২০২০